পাবনায় জাতীয় সমবায় দিবস পালিত

পাবনায় জাতীয় সমবায় দিবস
পালিত

শহর প্রতিনিধি: পাবনায় ৪৫ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়।

আজ শনিবার (০৫ নভেম্বর) সকালে জেলা প্রশাসক কার্যালয় চত্বর থেকে এক র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

এবার সমবায় দিবসের স্লোগান ছিল- ‘সমবায়ের দর্শন টেকসই উন্নয়ন।’

র্যালি শেষে স্থানীয় রশিদ হলে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য দেন পাবনা জেলা পরিষদের প্রশাসক এম সাইদুল হক চুন্নু, জেলা প্রশাসক রেখা রানী বালো, সদর উপজেলা চেয়ারম্যান আলহাজ মোশারফ হোসেন, পাবনা সমবায় ভূমি উন্নয়ন ব্যাংকের সভাপতি আবদুল বারী বাকি, জেলা সমবায় অফিসার শাহীনুর ইসলাম প্রমুখ।

আলোচনা সভায় বক্তারা বলেন, সমবায়ই হলো উন্নয়নের পূর্বশর্ত। তাই সবাইকে সমবায়ী হতে আহ্বান জানান তাঁরা।